



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমার বাড়ি আমার খামার প্রকল্প
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০।

স্মারক নং -আবাআখা/প্রশা/ জাঃ দিবস/ ২৮/ ২০১৬ - ১৬২৬


তারিখ: ২২ মার্চ, ২০২০ খ্রি:

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন প্রসঙ্গে।

চলমান “বৈশ্বিক মহামারি” করোনাভাইরাস প্রতিরোধে চলাচলে সতর্কতা এবং জনসমাগম নিরুৎসাহিত করার প্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ইত:পূর্বে গৃহীত সকল কর্মসূচি সংশ্লিষ্টকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে, সে লক্ষ্যে নিম্নোক্তভাবে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

- স্ব-স্ব অবস্থানে থেকে ১৯৭১ এর ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে মোনাজাত ও প্রার্থনা করা;
- দেশের সকল জেলা ও উপজেলা কার্যালয়ে ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং সূর্যাস্তের সাথে সাথে নামিয়ে ফেলতে হবে;
- কোন অবস্থাতেই ছেড়া বা বিবর্ণ জাতীয় পতাকা এবং অসুন্দর বা বাঁকা পতাকা স্ট্যান্ড ব্যবহার করা যাবে না;
- মুজিব বর্ষ - ২০২০ এবং উল্লিখিত দিবসের সাথে সঙ্গতি রেখে ব্যানার বা ফেস্টুন প্রস্তুত করে ভবনের দৃশ্যমান স্থানে টাঙানো যেতে পারে;
- করোনাভাইরাস প্রতিরোধে নিজেদের নিরাপত্তা নিশ্চিত করে গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করা যেতে পারে।

বৈশ্বিক উদ্ভূত পরিস্থিতিতে চলমান রাষ্ট্রীয় নির্দেশনা মেনে যথাযোগ্য মর্যাদায় উল্লিখিতভাবে দিবস দু'টি পালনের জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো।


২২.৬.২০২০

(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

০১. জেলা সমন্বয়কারী / দায়িত্বপ্রাপ্ত সিনিয়র অফিসার, সকল জেলা;
০২. উপজেলা সমন্বয়কারী / শাখা ব্যবস্থাপক, সকল উপজেলা;
০৩. অফিস নথি।